



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

ওয়েবসাইট: [www.rbi.org.in](http://www.rbi.org.in)

ই-মেল Email : [helpdoc@rbi.org.in](mailto:helpdoc@rbi.org.in)

যোগাযোগ বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়, এস.বি.এস. মার্গ, মুম্বাই-400 001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S .B.S Marg, Mumbai-400001

ফোন/ Phone:91 22 2266 0502 ফ্যাক্স /Fax : 91 22 2266 0358

সেপ্টেম্বর 15, 2016

**“R” অন্তরীণ বর্ণ বিশিষ্ট , সাংখ্য সারণীতে ক্রমোচ্চ আকৃতির সংখ্যা যুক্ত এবং  
উখিত মুদ্রণ ব্যতীত ₹ 20 টাকা অর্থ মূল্যের ব্যাংকনোট প্রচলন**

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্রই, মহাত্মা গান্ধী সিরিজ -2005-এর উভয় সাংখ্য সারণীতে “R” অন্তরীণ বর্ণ বিশিষ্ট ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্নর ড. উর্জিত আর প্যাটেলের সহযুক্ত এবং ব্যাংকনোটের পিছনের দিকে মুদ্রণবর্ষ 2016 মুদ্রিত আছে এমন ₹20 টাকা অর্থ মূল্যের ব্যাংকনোট প্রচলন করবে।

এই প্রচলন হতে চলা ব্যাংকনোটগুলির নকশা এবং সুরক্ষা বৈশিষ্ট্যগুলি নিম্নলিখিত বিষয় ব্যতীত আগে প্রচলিত মহাত্মা গান্ধী সিরিজ -2005-এর ₹ 20 টাকা অর্থমূল্যের ব্যাংকনোটের সঙ্গে সমতুল হবে:

**সামনের দিক**

**(ক্রম:বর্ধিত মুদ্রণ আকৃতি)**

উভয় সাংখ্য সারণীর সংখ্যাগুলি বাম দিক থেকে ডান দিকে ক্রমোচ্চ আকৃতির হবে, যদিও প্রথম তিনটি বর্ণ-সংখ্যা জোড় (প্রারম্ভিক) একই মাপের হবে।

**উখিত মুদ্রণ**

“20” সংখ্যাটি, আরবিআই মোহর, মহাত্মা গান্ধীর মুখচ্ছবি, আরবিআই নীতিবাক্য, নিশ্চয়তা এবং শপথ বাক্যাংশ, গভর্নরের সহ, অশোক স্তম্ভ প্রতীক যেগুলি আগে ইনটাগলিও মুদ্রণে (উখিত মুদ্রণ) থাকত সেগুলি এখন অফসেট (উখিত নয় এমন) মুদ্রণে করা হয়েছে। উপরন্তু ব্যাংকনোটের বাম দিকের আয়তাকৃতি সনাক্তকরণ চিহ্ন উঠিয়ে দেওয়া হয়েছে।

**বর্ণ**

যদিও পিছনের দিকের বর্ণের কোন পরিবর্তন হচ্ছে না, সামনের দিকের বর্ণ অপেক্ষাকৃত হালকা হবে (উখিত মুদ্রণ না থাকার কারণে)।

**প্রচ্ছন্ন ছবি**

আগে মহাত্মা গান্ধীর মুখচ্ছবির ডান দিকে অবস্থিত উল্লম্ব ফিতাতে একটি “20” সংখ্যার মূল্যজ্ঞাপক প্রচ্ছন্ন ছবি থাকত। এই প্রচ্ছন্ন ছবিটি দৃশ্যমান হত ব্যাংকনোটটিকে চোখের উচ্চতায় ভূমির সমান্তরালভাবে ধরলে। এই বৈশিষ্ট্যটি এখনকার নোটে আর নেই।

## পিছনের দিক

ব্যাংকনোটের পিছনের দিকের কোন গঠনগত পরিবর্তন হয়নি।

এই ব্যাংকনোটের নমুনা প্রতিচ্ছবি নিম্নরূপ:



অতীতে প্রচলিত ₹ 20 টাকা অর্থ মূল্যের সমস্ত ব্যাংকনোটের আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

অজিত প্রসাদ  
সহকারি উপদেষ্টা(অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী: 2016-2017/678